

ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট জেলা কার্যালয়স্থান নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তির প্যানেল তৈরীর নিমিত্তে ১৮-৩৫ বৎসর বয়সের বেকার যুবক ও যুব মহিলাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্ন স্বাক্ষরকারীর বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীর দরখাস্ত অবশ্যই সংশ্লিষ্ট প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক এর নিকট নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমা দিতে হবে।

ক্রমিক নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	কোর্সের মেয়াদ	ভর্তি ফি	বয়স	আসন সংখ্যা	আবেদন পত্র জমা দানের শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান	ফলাফল প্রকাশ ও ভর্তি
০১	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন	ন্যূনতম এইচ,এস, সি পাস	৬ মাস	১,০০০/-	১৮-৩৫ বছর	৭০ জন	২৭/১২/২০২৩	তাং-২৮/১২/২০২৩ সময় : সকাল ১০.০০ যুব উন্নয়ন অধিদপ্তর, বারাকপুর, বাগেরহাট।	৩১/১২/২০২৩
০২	ইলেকট্রনিক্স	ন্যূনতম ৮ম শ্রেণী পাস	৬ মাস	৩০০/-	ঐ	৩০ জন	২৭/১২/২০২৩	তাং-২৮/১২/২০২৩ সময় : সকাল ১০.০০ যুব উন্নয়ন অধিদপ্তর, বারাকপুর, বাগেরহাট।	৩১/১২/২০২৩
০৩	ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং	ন্যূনতম ৮ম শ্রেণী পাস	৬ মাস	৩০০/-	ঐ	৩০ জন	২৭/১২/২০২৩	তাং-২৮/১২/২০২৩ সময় : সকাল ১০.০০ যুব উন্নয়ন অধিদপ্তর বারাকপুর, বাগেরহাট।	৩১/১২/২০২৩
০৪	রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং	ন্যূনতম ৮ম শ্রেণী পাস	৬ মাস	৩০০/-	ঐ	৩০ জন	২৭/১২/২০২৩	তাং-২৮/১২/২০২৩ সময় : সকাল ১০.০০ যুব উন্নয়ন অধিদপ্তর বারাকপুর, বাগেরহাট।	৩১/১২/২০২৩
০৫	মৎস্য চাষ	ন্যূনতম ৮ম শ্রেণী পাস	১ মাস	৫০/-	ঐ	২৫ জন	২৭/১২/২০২৩	তাং-২৮/১২/২০২৩ সময় : সকাল ১০.০০ যুব উন্নয়ন অধিদপ্তর বারাকপুর, বাগেরহাট।	৩১/১২/২০২৩
০৬	পোষাক তৈরী	ন্যূনতম ৮ম শ্রেণী পাস	৩ মাস	৫০/-	ঐ	২৫ জন	২৭/১২/২০২৩	তাং-২৮/১২/২০২৩ সময় : সকাল ১০.০০ যুব উন্নয়ন অধিদপ্তর বারাকপুর, বাগেরহাট।	৩১/১২/২০২৩


শর্তাবলী :-

- আবেদনকারীকে অনলাইনের মাধ্যমে অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ওয়েব ঠিকানায় আবেদন করতে হবে। আবেদনের জন্য ওয়েব ঠিকানা www.nise.gov.bd। আবেদনের হার্ডকপি স্ব-স্ব কোর্সের প্রশিক্ষকদের নিকট জমা প্রদান করতে হবে।
- ক) শিক্ষাগত যোগ্যতা ও জাতীয় পরিচয়পত্র (সত্যায়িত) খ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের /পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্র এবং গ) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বেকারত্ব সনদপত্র প্রদান করতে হবে।
- ভর্তির জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবেনা।
- ভর্তির সময় প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কোর্স ফি বাবদ এককালীন টাকা প্রদান করতে হবে।
- চাকুরীরত প্রার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা মেনে চলতে হবে।
- কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্স বাদে অন্য প্রশিক্ষণার্থীদের দৈনিক উপস্থিতির ভিত্তিতে ১০০(একশত) টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। অনলাইন আবেদন প্রক্রিয়া ধাপ সমূহঃ

- ধাপ-০১-আবেদনের ওয়েবসাইট dyd.nise.gov.bd/courses প্রবেশ করার পর “লগইন/ রেজিস্ট্রেশন” অপশন পাওয়া যাবে। “রেজিস্ট্রেশন” অপশনে ক্লিক করলে “যুব” ও “শিল্প প্রতিষ্ঠান” নামে দুইটি অপশন থেকে “যুব” অপশনে ক্লিক করুন।
- ধাপ-০২- প্রয়োজনীয় তথ্য ও পাসওয়ার্ড দিয়ে “একাউন্ট তৈরী” অপশনে ক্লিক করে একাউন্ট তৈরী করুন। আপনার মোবাইল নম্বর হবে আপনার উইজার নেম। এরপর উপরের কোনায় আবার “লগইন/রেজিস্ট্রেশন” অপশনের লগইন এ ক্লিক করে “উইজার নেইম” এ আপনার মোবাইল নম্বর এবং “পাসওয়ার্ড” ঘরে আপনার প্রদেয় পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।
- ধাপ-০৩- চলমান কোর্স অথবা স্কিনে ভাসমান কোর্স হতে আপনার পছন্দের প্রশিক্ষণ কোর্সে ক্লিক করুন। “কোর্স নিবন্ধন বা রেজিস্ট্রেশন” এ ক্লিক করুন। প্রশিক্ষণ কেন্দ্রের নাম হবে “উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট।” এরপর আপনার ব্যক্তিগত তথ্য, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত তথ্য, অভিভাবকের তথ্য, অন্যান্য তথ্য দিন। ছবি ও স্বাক্ষর আপলোড করুন। এনআইডি যাচাই করা উত্তম। সর্বশেষে সম্পন্ন অপশনে ক্লিক করুন।
- ধাপ-০৪- আপনার মোবাইলে একটি যাচাই করণ কোড (OTP) যাবে। OTP ভেরিফাই করার জন্য “পরবর্তী” অপশনে ক্লিক করে প্রদত্ত ঘরে OTP লিখে “যাচাই” এ ক্লিক করুন। এবার “প্রোফাইল” এ ক্লিক করার পর “আমার সিভি” অপসনে ক্লিক করে আবেদন প্রিন্ট নিন। অফিসে একটি হার্ড কপি জমা দিন।

ভর্তি সংক্রান্ত যোগাযোগ- কম্পিউটার বেসিক-০১৭১০৯৬৬৩১২ রেফ্রিজারেশন- ০১৭১৭২৮৬৬৯৯
ইলেকট্রনিক্স- ০১৭২৫২২৮২২২ মৎস্য চাষ- ০১৭১৬৫৮৫১৬৭
ইলেকট্রিক্যাল- ০১৭৭৬৫৪১০৮৫ পোষাক তৈরী ০১৭১৬৯৩২৭৭৫



(মোঃ আব্দুল কাদের)
উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট।
মোবাইলঃ ০১৭১২০০৩৫৮৫।

ddbagerhat@dyd.gov.bd

তারিখঃ ০৬/১২/২০২৩খ্রিঃ

স্মারকনং-৩৪.০১.০১০০.০০০.৩৮.০০২.১৩-৪৫৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- মহাপরিচালক(হেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, বাগেরহাট।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সকল).....বাগেরহাট।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)..... যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট। সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রশিক্ষণ কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
- নোটিশ বোর্ড।
- অফিস কপি/গার্ড ফাইল।

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
বাগেরহাট।

